# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ পবিত্র মক্কায় প্রবেশের বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রবেশের বিবরণ

মক্কায় প্রবেশের পূর্বে রাসূলুল্লাহ (ﷺ)যি-তাওয়া স্থানে-বর্তমানে জেরওয়াল এলাকার প্রসূতি হাসপাতালের জায়গা-গোসল করতেন। সে হিসেবে মক্কায় প্রবেশের উদ্দেশ্যে গোসল করা মুস্তাহাব।[1] মক্কায় হাজিদের বাসস্থানে গিয়ে গোসল করে নিলেও, কারও কারও মতে, এ মুস্তাহাব আদায় হয়ে যাবে। কেননা মোটরযানে সফরের সময় গাড়ি থামিয়ে গোসল সেরে নেয়ার অনুমতি দেয়া হয় না।

পবিত্র মক্কায় প্রবেশের সময় আল্লাহর আজমত ও বড়োত্বের কথা স্মরণ করুন। মনকে নরম করুন। আল্লাহর কাছে পবিত্র মক্কা যে কত সম্মানিত-মর্যাদাপূর্ণ তা স্মরণ করুন। পবিত্র মক্কায় থাকা অবস্থায় পবিত্র মক্কার যথাযথ মর্যাদা দেয়ার চেষ্টা করুন।

বর্তমান-যুগে মোটরযানে করে আপনাকে মক্কায় নেয়া হবে। আপনার বাসস্থানে যাওয়ার সুবিধা-মত পথে হজ্জযাত্রীদেরকে নেয়া হয়। তাই রাসূলুল্লাহ (ﷺ)যেদিক থেকে মক্কায় প্রবেশ করেছেন-কাদা পথ দিয়ে জান্নাতুল মুয়াল্লার এদিক থেকে[2] -আপনার জন্য সম্ভব নাও হতে পারে। এ জন্য কোনো অসুবিধা হবে না। আপনার গাড়ি সুবিধা-মত যে পথ দিয়ে যাবে সেখান দিয়েই যাবেন। আপনার বাসস্থানে মালপত্র রেখে উমরার জন্য প্রস্তুতি নেবেন।

## ফুটনোট

[1] -ইমাম নববী : কিতাবুল ইযাহ ফি মানাসিকিল হজ্জে ওয়াল ওয়াল উমরা, পৃ : ১৯৪

[2] -বোখারি : ৪৪৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=3479

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন